

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৭১

পর্ব-৮: কুরআনের মর্যাদা (کتاب فضائل القرأن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

আরবী

وَعَنْ عُثْمَانَ بْنِ عَفَّانَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: مَنْ قَرَأً آخِرَ آلِ عِمْرَانَ فِي لَيْلَة كتب لَهُ قيام لَيْلَة. رَوَاهُ الدَّارِمِيِّ

বাংলা

২১৭১-[৬৩] 'উসমান ইবনু 'আফফান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যে ব্যক্তি রাতে সূরা আ-লি 'ইমরানের শেষের অংশ পড়বে, তার জন্য সমস্ত রাত সালাতে অতিবাহিত হবার সাওয়াব লিখা হবে। (দারিমী)[1]

ফুটনোট

[1] য'ঈফ : দারিমী ৩৪৩৯। কারণ এর সানাদে ইবনু লাহ্ই'আহ্ একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আ-লি 'ইমরান-এর শেষ আয়াত হলো إِنَّ فِيْ خَلْقِ السَّمَٰوَتِ وَالْأَرْضِ... থেকে শেষ পর্যন্ত। রাতের প্রথমভাগে পড়া হোক অথবা শেষভাগে হোক তাতে কোন দোষ নেই, তবে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে যখন তাহাজ্জুদের জন্য জাগতেন তখন এ আয়াত পাঠ করতেন। এ আয়াত পাঠ করলে তার 'আমলনামায় ঐ রাতে তাহাজ্জুদ সালাতের সমপরিমাণ হওয়ার লেখা হয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন